



তারিখ: ৫ই জুলাই, ২০২১

লকডাউনে জীবন ও জীবিকার তাগিদে এবং জরুরী প্রয়োজনে ঘর থেকে বের হয়ে সাজাপ্রাপ্ত ৮ জনকে আইনগত সহায়তা দিয়ে এবং জরিমানা প্রদান করে মুক্ত করেছে ব্লাস্ট

দ্বিতীয় দফা লকডাউনে, জীবন ও জীবিকার তাগিদে এবং জরুরী প্রয়োজনে ঘর থেকে বের হয়ে অর্থনৈতিকভাবে অসচ্ছল আটককৃত ৮ জনের জরিমানা প্রদান করে ব্লাস্ট মুক্ত করেছে। তাদের প্রত্যেককে ডিএমপি অর্ডিন্যান্সের ৬৯ ধারায় জরিমানা প্রদানে ব্যর্থ হবার কারণে আটক করা হয়েছিল।

ব্লাস্ট এ পর্যন্ত গ্রেফতার হওয়া দেশের দরিদ্র জনগোষ্ঠীর আর্থিক সামর্থ্যের বিষয়টি বিবেচনায় নিয়ে তাদের উপর আরোপিত জরিমানা মওকুফ, বাতিল এবং তাদের আইনী সহায়তা প্রদান করে দ্রুত মুক্তি প্রদানের দাবি জানাচ্ছে। এছাড়া ডিএমপি অর্ডিন্যান্সের অপপ্রয়োগ যেন না হয় সে বিষয়ে সুষ্ঠু তদারকির জন্য যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

#### শ্রেণীপট

গণমাধ্যমে প্রকাশিত সংবাদ হতে জানা যায়, এ পর্যন্ত সহস্রাধিক ব্যক্তিকে গ্রেফতার হয়েছে, যাদের অধিকাংশই তরুণ। গ্রেফতারকৃত ব্যক্তিদের ডিএমপি অর্ডিন্যান্স, ১৯৭৬ এর ৬৯, ৭৭, ৭৮ এবং ১০০ ধারার অধীনে গ্রেফতার করা হয়েছে বলে সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। এই ব্যক্তিদের বেশীরভাগই সমাজের নিম্ন আয়ের মানুষ, পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি। এদের অধিকাংশেরই তাদের উপর আরোপিত জরিমানা/মুচলেকার অর্থ এবং আইনজীবীর ফিস পরিশোধ করার ন্যূনতম সামর্থ্যটুকুও নেই।

বার্তা প্রেরক

কমিউনিকেশন বিভাগ

ই মেইল: [communication@blast.org.bd](mailto:communication@blast.org.bd)

<sup>1</sup> <https://bdnews24.com/bangladesh/2021/07/04/worried-relatives-crowd-court-as-police-arrest-hundreds-for-going-out-in-lockdown>